**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 14-01-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আজ মকর সংক্রান্তি। ভোর থেকেই বিভিন্ন নদ নদীতে চলেছে পুণ্য স্নান। স্নানের মাহেন্দ্রক্ষণ শুরু হওয়ায় গঙ্গাসাগরে উপচে পড়ছে ভিড়।

২) রাজ্যে নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে আরও দুজনকে বেলেঘাটার আইডি সপাতালে ভর্তি করা হয়েছে। এর আগে আক্রান্ত দুই স্বাস্থ্যকর্মীর বারাসাতের এক হাসপাতালের আইসিইউ-তে চিকিৎসা চলেছে।

৩) আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও সল্টলেকের অফিসে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়ায় মামলার আজ শুনানি।

৪) ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নবান্নের সামনে ধর্নার যে অনুমতি চেয়েছিলেন, কলকাতা হাইকোর্ট তাতে অনুমোদন দেয়নি।

৫) প্রখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর আজ শততম জন্মদিন।

৬) কলকাতায় আজ ৬৯ তম জাতীয় স্কুল জিমনাস্টিক প্রতিযোগিতা শুরু হয়েছে।

---

আজ মকর সংক্রান্তি। সূর্য্যের রাশিচক্রে ধনু রাশি থেকে মকর রাশিতে প্রবেশ, গতিপথে দক্ষিণ থেকে উত্তরমুখি যাত্রার সূচনা। এই দিনকে কলি যুগের সূচনা বলে মনে করা হয়। পৌষ মাসের অবসানের পর শীতের শেষে বসন্তের আগমন বার্তা। সূর্য্যের গতিপথের সঙ্গে সাযুজ্য থাকায় আজ দেশের বিভিন্ন অংশে দিনে কৃষি সংক্রান্ত নানা উৎসব উদযাপিত হয়। মাঠে নতুন ধান ওঠায় এই দিনে পিঠে পুলি খাওয়ার রেওয়াজ রয়েছে, আকাশে ঘুড়ি ফানুস ওড়ানো, বাজি ফাটানোর উৎসব দেশের সর্বত্র।

-------------------

এদিকে মকর সংক্রান্তি উপলক্ষে ভোর থেকেই বিভিন্ন নদ নদীতে চলেছে পুণ্যস্নান। দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে ভিড় উপচে পড়ছে। স্নানের মাহেন্দ্রক্ষণ শুরু হয়েছে বেলা ১ টা ১৯ মিনিটে। কিন্তু তার অনেক আগে থেকেই ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গেই অসংখ্য পূণ্যার্থী সাগর সঙ্গমে পুণ্যস্নান করতে নামেন। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পূণ্যার্থীদের ঢল আরও বেড়েছে। পুলিশের বেষ্টনী উপেক্ষা করেই বহু পুণ্যার্থী স্নান সেরে আশ্রমের দিকে এগিয়ে যেতে থাকলে প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি সামাল দিতে বারবার মাইকিং করা হচ্ছে। জনসাধারণকে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার আবেদন জানানো হয়েছে। ভিড় নিয়ন্ত্রণে জল, স্থল ও আকাশপথে নজরদারি বাড়ানো হয়েছে। সুন্দরবনের পুলিশ সুপার কোটেশ্বর রাও মেলায় টহল দিচ্ছেন।

অন্যদিকে এখনও অনেক তীর্থযাত্রী সাগর মুখী হওয়ায় কচুবেড়িয়া, গঙ্গাসাগর বাস স্ট্যান্ড ও মুড়িগঙ্গার ভেসেলে ভিড় উপচে পড়ছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন –

ভয়েসকাস্ট

-------------------

একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক নিষিদ্ধ করে গঙ্গাসাগর মেলাকে প্লাস্টিক মুক্ত সবুজ মেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। এর প্রেক্ষিতে পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তর দশ হাজারের বেশি কর্মীকে নিযুক্ত করেছে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী মোতায়েন রাখা হয়েছে দেড় হাজার সাফাই কর্মী। মেলা প্রাঙ্গণে সাতটি অস্থায়ী কঠিন বর্জ্য সংগ্রহ ও বাছাই কেন্দ্র কাজ করছে বলেও দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে।

------------------

মকর সংক্রান্তিতে পুণ্যস্নান করতে বীরভূমের জয়দেব কেদুঁলির অজয় নদেও ভিড় উপচে পড়েছে। গতকাল থেকে এই নদের পাড়েই শুরু হয়েছে জয়দেব মেলা। সাধারণ মানুষের পাশাপাশি ভিড় করেছেন বাউল ফকিররাও। মেলার জন্য মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী। রয়েছে সিসিটিভিও।

------------------

মকর সংক্রান্তির ভোরে আজ রাঢ়বাংলার বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম সহ বিভিন্ন স্থানে তুষু বিসর্জন হয়েছে। গতরাত্রে একমাস ব্যাপি পুজোর শেষে তুষু জাগরণ অনুষ্ঠিত হয়েছে। দক্ষিণ বাঁকুড়ার তুষুতীর্থ হিসাবে পরিচিত পোরকুলে গতকাল থেকে মেলা বসেছে।

------------------

ঝাড়গ্রামের সাধু রামচাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়ের কুড়মালি বিভাগের উদ্যোগে গতকাল এক টুসু বিষয়ক এক সেমিনারের আয়োজন করা হয়। এই আলোচনা সভায় টুষু উৎসবের সমাজতাত্ত্বিক নানা দিক নিয়ে আলোচনা করেন অধ্যাপক অরুণ

মাহাতো, সুধাংশু শেখর মাহাতো এবং ললিত মোহন মাহাতো। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তুষু গান ও নৃত্য পরিবেশন করেন।

-------------------

মকর সংক্রান্তিতে সারা রাজ্যেই শীতের আমেজ অব্যাহত। তবে রবিবার থেকে তাপমাত্রা কোথাও কোথাও দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ উল্লেখযোগ্যভাবে দক্ষিণবঙ্গের দু একটি জায়গায় কমেছে সর্বনিম্ন তাপমাত্রা।

দক্ষিণবঙ্গের আজ সব থেকে কম  তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে ৮.৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৭ ডিগ্রি সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক।

অন্যদিকে, উত্তরবঙ্গের কোচবিহারে তাপমাত্রা ছিল ৮.৯ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা রেকর্ড করা হয় তিন ডিগ্রি সেলসিয়াস। মালদার কোচবিহার এবং পশ্চিম বর্ধমান জেলায় সকালবেলায় মাঝারি কুয়াশা দেখা যায়।

-------------------

নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে আরও দুজনকে বেলেঘাটার আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইতোমধ্যেই যে দুজন নার্স এই রোগে আক্রান্ত, তাদের সংস্পর্শে আসার কারণেই আক্রান্ত সন্দেহে এই দুজনকে হাসপাতালে ভর্তি করা হল বলে আইডি হাসপাতাল সূত্রে জানা গেছে। এছাড়াও স্বাস্থ্য দপ্তর আক্রান্ত ঐ দুজনের সংস্পর্শে যারা

যারা এসেছেন, তাদের হদিশ পাওয়ার জন্য কন্টাক্ট ট্রেসিং করছে। প্রায় ৫০ জনের নমুনা সংগ্রহ করে তা পরীক্ষার জন্য পুণেতে পাঠানো হয়েছে।

আগেই জানানো হয়েছে, রাজ্যে নিপা ভাইরাসে আক্রান্ত দুই স্বাস্থ্যকর্মীকে বারাসাতের হাসপাতালের আইসিইউতে ওয়ার্ডে রাখা হয়েছে। তাদের নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছে বলে পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি সূত্রে জানা গেছে। ওই দুই স্বাস্থ্যকর্মীর অবস্থা অত্যন্ত সঙ্কটজনক বলেও জানা গেছে। তাঁরা এই মুহূর্তে ভেন্টিলেশনে রয়েছেন। চিকিৎসকদের নির্দেশ অনুযায়ী সংক্রমণ ছড়িয়ে পড়া ঠেকাতে স্বাস্থ্যকর্মীরা কড়া সতর্কতা অবলম্বন করছেন। হাসপাতালের সমস্ত কর্মী ও চিকিৎসকদের মাস্ক পড়া বাধ্যতামূলক করা হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ পরিস্থিতির ওপর কড়া নজরদারির পাশাপাশি জারি করা হয়েছে সতর্কতাও।

নিপা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সর্বতোভাবে রাজ্যের পাশে থাকার বার্তা দিয়েছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমে এক বার্তায় এব্যাপারে রাজ্যকে পরিস্থিতি মোকাবিলা এবং রোগ ছড়িয়ে পড়া ঠেকাতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

এদিকে, আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেলেঘাটা আইডি হাসপাতালে ১০ টি এমার্জেন্সি শয্যা এবং ওয়ার্ডে ৬৮ টি শয্যা প্রস্তুত রাখা হয়েছে। একইসঙ্গে ওই হাসপাতালে একটি বিশেষ আইসোলেশন ওয়ার্ড খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ‘বিশ্বের চোখে ভারত’। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-------------------

কলকাতার লাউডন স্ট্রীটে ভোট পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও সল্টলেকের অফিসে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী ব্যানার্জী বাধা দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়ায় মামলার শুনানি হবে আজ। বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে দুপুর আড়াইটেয় শুরু হবে শুনানি। পুরো প্রক্রিয়া লাইভ স্ট্রিমিং করা হবে বলে হাইকোর্টের তরফে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির আদেশানুসারে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। শুনানি চলাকালীন এজলাসে মামলার সঙ্গে যুক্ত আইনজীবীরা ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবেন না বলেও জানানো হয়েছে।

উল্লেখ্য, ইতোমধ্যেই ইডির তরফে বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে আবেদন জানানো হয়েছে। রাজ্য সরকারের তরফেও দায়ের করা হয়েছে ক্যাভিয়েট।

-------------------

ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নবান্নের সামনে ধর্নার যে অনুমতি চেয়েছিলেন, কলকাতা হাইকোর্ট তা অনুমোদন দেয়নি। বিচারপতি শুভ্রা ঘোষ জানিয়েছেন, নবান্ন বাস স্ট্যান্ড অথবা মন্দিরতলা বাস স্ট্যান্ডে এই ধর্ণার জন্য অনুমতি আদালত দিতে পারে। তিনি বিরোধী দলনেতা ও বিধায়কদের এই দুই জাগয়ার মধ্যে যেকোনো একটি জায়গাকে বেছে নিতে বলেছেন। আগামীকাল সকালে লিখিত নির্দেশ দেওয়া হবে বলে বিচারপতি জানিয়েছেন। মামলা দায়ের করেছিলেন, তাতে আজ কোনো নির্দেশ দেয়নি। বিরোধী দলনেতা তার আবেদনে

আগামী ১৬ ই জানুয়ারি ১৫/১৬ জন বিধায়ককে নিয়ে নবান্নের সামনে ধর্ণা কর্মসূচীর অনুমতি চেয়েছিলেন।

------------------

প্রখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর আজ শততম জন্মদিন। ১০০ বছর আগে মকর সংক্রান্তির দিনেই ঢাকার বিখ্যাত ঘটক পরিবারে তাঁর জন্ম। এক সাংস্কৃতিক পরিমণ্ডলে বড় হয়ে উঠেছিলেন মহাশ্বেতা। বাবা মনিশ ঘটক, যুবনাশ্ব ছিলেন বিশিষ্ট ছোট গল্পকার ও কবি। কাকা প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক ঘটক। মামা ছিলেন রবীন্দ্র সান্নিধ্য ধন্য অমিয় চক্রবর্তী। খগেন্দ্রনাথ মিত্র সম্পাদিত রংমশাল পত্রিকায় কিশোরী মহাশ্বেতার প্রথম লেখা প্রকাশিত হয়। বৃহৎ প্রাতিষ্ঠানিক প্রকাশনার বিরুদ্ধে তিনি আজীবন ছিলেন আপসহীন, লেখনিকে বাঁচিয়ে রেখেছিলেন ছোট পত্রিকার পাশে থেকে। জন্ম শতবর্ষের সূচনায় আকাশবাণী সংবাদের একটি শ্রদ্ধার্ঘ্য।

ভয়েসকাস্ট

------------------

পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের শারীর শিক্ষা ও ক্রীড়া বিভাগের পরিচালনায় ৬৯ তম জাতীয় স্কুল জিমনাস্টিক প্রতিযোগিতা আজ কলকাতায় শুরু হলো। উদ্বোধনী অনুষ্ঠান হয় সল্টলেক IB গ্রাউন্ডে। উপস্থিত ছিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বিভাগের এই প্রতিযোগিতা চলবে আগামী ২০ শে জানুয়ারি পর্যন্ত। মোট ৩১ টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। সল্টলেকের সাই কমপ্লেক্স, হাওড়া জেলার ডুমুরজলা স্টেডিয়াম ও গার্ডেনরিচের BNR স্টেডিয়ামে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রাজ্যের হয়ে কোচ ও ম্যানেজার সহ ৫৬ জন প্রতিনিধি এই

প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। এর মধ্যে ২৮ জন মহিলা ও ২১ জন পুরুষ বিভাগে বাংলা দলের হয়ে খেলতে নামবে।

-------------------

মধ্য কলকাতার বি বি গাঙ্গুলী স্ট্রীটে আজ বেলা ১১ টা নাগাদ আসবাবপত্রের একটি দোকানে আগুন লাগে। সেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে পাশের আরো দুটি দোকান ও গুদামে। দমকলের ১০ টি গাড়ি ঘন্টাখানেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোনো খবর নেই।

এদিকে আগুন লাগার সঙ্গে সঙ্গে ঐ এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

------------------- -------------------